ইসরায়েলে ফের ইরানের ক্ষেপণাস্ত্র হামলা



সংগৃহীত ছবি

ইসরায়েলের বিভিন্ন অঞ্চলে লক্ষ্য করে নতুন করে ক্ষেপণাস্ত্র ছুড়েছে ইরান। বিষয়টি নিশ্চিত করে দেশটির সামরিক বাহিনী ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী জানায়, পরিস্থিতি মোকাবিলায় সারা দেশে জরুরি সতর্কতা জারি করা হয়েছে। আন্তর্জাতিক সংবাদমাধ্যমের খবরে এ তথ্য জানা গেছে।

হামলা শুরুর সঙ্গে সঙ্গেই নাগরিকদের মোবাইলে বার্তা পাঠিয়ে দ্রুত নিরাপদ আশ্রয়ে সরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়। সামরিক বাহিনী জানায়, ছোড়া ক্ষেপণাস্ত্রগুলো প্রতিহত করতে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় রয়েছে এবং আকাশেই সেগুলো ধ্বংসের চেষ্টা চলছে।

LENS ASIA